



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জেলা পরিসংখ্যান অফিস, গাইবান্ধা
উপপরিচালকের দপ্তর
bbs.gaibandha.gov.bd

২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫২.০১.৩২০০.০০০.০৬.০০৪.২০.১২৩


বিষয়: এপ্রিল/২০২৪ স্নি: মাসের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-০৫.৫৫.৩২০০.০২২.০৫.০০৫.২০২০-৪১৯; তারিখঃ ০১মার্চ ২০২০/১৬ফাল্গুন১৪২৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন জেলা পরিসংখ্যান অফিস, গাইবান্ধা এর আওতায় এপ্রিল/২০২৪ মাসে মাঠ পর্যায়ে যে সমস্ত কার্যক্রম চলছে/চলমান থাকবে তার বিবরণ এবং গত মাসের কার্যক্রমের অগ্রগতির হার আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

চলতি মাসের (এপ্রিল/২৪) আলোচ্য বিষয়	গত মাসের (মার্চ/২৪) আলোচ্য বিষয়	অগ্রগতির হার
০১। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় ২য় ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ত্রৈমাসিকে গাইবান্ধা জেলায় ২৪ টি নমুনা এলাকা (সুন্দরগঞ্জ= ০৪, গাইবান্ধা সদর= ০৮, গোবিন্দগঞ্জ= ০৪, পলাশবাড়ি= ০৩, সাঘাটা= ০৩, সাদুল্লাপুর= ০১ এবং ফুলছড়ি= ০১) থেকে দুই (২) জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করে থাকেন। উল্লেখ্য, উক্ত জরিপ কাজের মাধ্যমে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বেকারত্বের হার, সংখ্যা এবং কর্মসংস্থানের অবস্থান ইত্যাদি জানা যায়।	০১। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় ১ম ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। প্রতি ত্রৈমাসিকে গাইবান্ধা জেলায় ২৪ টি নমুনা এলাকা (সুন্দরগঞ্জ= ০৪, গাইবান্ধা সদর= ০৮, গোবিন্দগঞ্জ= ০৪, পলাশবাড়ি= ০৩, সাঘাটা= ০৩, সাদুল্লাপুর= ০১ এবং ফুলছড়ি= ০১) থেকে দুই (২) জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করে থাকেন। উল্লেখ্য, উক্ত জরিপ কাজের মাধ্যমে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বেকারত্বের হার, সংখ্যা এবং কর্মসংস্থানের অবস্থান ইত্যাদি জানা যায়।	১০০%
০২। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিস্টিকস ইন বিবিএস শীর্ষক প্রকল্পের আওতায় 'Survey On Women's Status 2024' এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫/০৪/২০২৪ থেকে ৩০/০৪/২০২৪ পর্যন্ত চলমান থাকবে। উল্লেখ্য, গাইবান্ধা জেলায় ০৫ (পাঁচ) জন গণনাকারীর মধ্যে প্রতি গণনাকারী প্রতিদিন ০৪ (চার) টি খানা হতে তথ্য সংগ্রহ করে ০১ (এক) টি পিএসইউ এর কার্যক্রম সমাপ্ত করবেন। গাইবান্ধা জেলায় মোট পিএসইউ সংখ্যা ১৪ টি (ফুলছড়ি=১, সদর=৪, গোবিন্দগঞ্জ=২, পলাশবাড়ি=৩, সাঘাটা=২ এবং সুন্দরগঞ্জ=২)।	০২। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের অধীনে গত ০৫/০৩/২০২৪ থেকে ০৪/০৬/২০২৪ পর্যন্ত মোট ০৩ (তিন) মাস ব্যাপী মাঠ পর্যায়ে লিস্টিং কার্যক্রম চলমান থাকার কথা থাকলেও তা সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক সাময়িক স্থগিত রয়েছে। পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া গেলে সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় লিস্টিং কার্যক্রম চলমান থাকবে। উল্লেখ্য, গাইবান্ধা জেলায় ০৩ (তিন) জন গণনাকারী ৩৬ টি পিএসইউ (ফুলছড়ি=২, সদর=৭, গোবিন্দগঞ্জ=৭, পলাশবাড়ি=৩, সাদুল্লাপুর=৮, সাঘাটা=২ এবং সুন্দরগঞ্জ=৭) এর লিস্টিং কার্যক্রম সম্পন্ন করবেন।	

০২। বর্তমানে বিভাগীয় অন্যান্য নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।



০৯-০৪-২০২৪

মো: এনামুল হক
উপপরিচালক


অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।

স্মারক নম্বর: ৫২.০১.৩২০০.০০০.০৬.০০৪.২০.১২৩/১(২)

২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম-পরিচালক, যুগ্ম-পরিচালক এর দপ্তর, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রংপুর এবং
- ২। অফিস কপি।



০৯-০৪-২০২৪

মো: এনামুল হক
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) dc office April 24 ward